

যুগান্তর

<https://www.jugantor.com/todays-paper/second-edition/76069/%E0%A6%86%E0%A6%B6%E0%A7%81%E0%A6%B2%E0%A6%BF%E0%A7%9F%E0%A6%BE%E0%A7%9F-%E0%A6%AC%E0%A6%95%E0%A7%87%E0%A7%9F%E0%A6%BE-%E0%A6%AC%E0%A7%87%E0%A6%A4%E0%A6%A8%E0%A7%87%E0%A6%BO-%E0%A6%A6%E0%A6%BE%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%A4%E0%A7%87-%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%BO%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%95%E0%A6%A6%E0%A7%87%E0%A6%BO-%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B7%E0%A7%8B%E0%A6%AD>

আশুলিয়ায় বকেয়া বেতনের দাবিতে শ্রমিকদের বিক্ষোভ

আশুলিয়া (ঢাকা) প্রতিনিধি ০১ আগস্ট ২০১৮, ০০:০০ |

শিল্পাঞ্চল আশুলিয়ার জামগড়া এলাকায় একটি পোশাক কারখানার শ্রমিকরা বকেয়া বেতনের দাবিতে বিক্ষোভ করেছে। মঙ্গলবার সকালে জামগড়া এলাকার ব্র“কহিল মার্কেটের সামনের বাধন কর্পোরেশন লি. নামের কারখানার কয়েক শতাধিক শ্রমিক এ বিক্ষোভে অংশগ্রহণ করেন।

বিক্ষোভরত শ্রমিকদের সঙ্গে একাত্মতা প্রকাশ করেন স্বাধীন বাংলা গার্মেন্ট কর্মচারী ফেডারেশনের আশুলিয়া থানা কমিটির সভাপতি আল কামারান, শ্রমিক সহায়তা ফাউন্ডেশনের আশুলিয়া থানা কমিটির সভাপতি সরোয়ার হোসেন ও বাংলাদেশ পোশাক শ্রমিক ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সাতার অঞ্চলের সভাপতি তুহিন চৌধুরীসহ অনেক স্থানীয় শ্রমিক নেতা।

এদিকে শ্রমিক নেতারা দ্রুত সময়ের মধ্যে বাঁধন কর্পোরেশন লি. কারখানার মালিক শ্রমিকদের বেতন পরিশোধ না করলে কঠিন থেকে কঠিনতম আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন। কারখানার জিএম আক্তার হোসেন জানান, ৩০ জুলাই শ্রমিকদের বেতন দেয়ার কথা ছিল। কারখানা কর্তৃপক্ষ টাকা জোগাড় করতে পারেনি। আগামী মাসের ১৬ তারিখ শ্রমিকদের সব পাওনাদি দিয়ে দেয়ার তারিখ দেয়া হয়েছে।